দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 2009
পৃষ্ঠা ... কলাম ...

# পাঠ্য পুস্তক বিক্রেতাদের ধর্মঘট

বিভিন্নস্থানে মাধ্যমিক স্তরের পাঠ্য বইয়ের তীব্র সংকট দেখা দেয়ায় শিক্ষার্থীরা চরম বিপাকে পড়েছে। অনেক স্থানে ন্যায্য মূল্যে বই সরবরাহের দাবিতে ধর্মঘট ও পালিত হয়েছে। খবর ইত্তেফাক সংবাদদাতাদের

কুড়িগ্রাম সংবাদদাতা ॥ কুড়িগ্রাম জেলার সর্বত্র পাঠ্য পুস্তক বিক্রেতারা গতকাল বুধবার দোকানপাঠ বন্ধ রেখে ধর্মঘট পালন করে। সেই সাথে শহরে বিক্ষোভ মিছিল-সমাবেশ ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করে। বোর্ড বই বিক্রিতে অতিরিক্ত মূল্য গ্রহণ এবং বোর্ড বইয়ের সাথে বাধ্যতামূলক ভাবে নোটবই ও গাইড বই গছিয়ে দেয়ার প্রতিবাদে এ কর্মসূচী পালন করে জেলার পুস্তক বিক্রেতারা।

পঞ্চগড় সংবাদদাতা ॥ বোর্ড বইয়ের কৃত্রিম সংকট, মুনাফালোভী টেন্ডার সিন্ডিকেট বন্ধ এবং ন্যায্যমূল্যে বই সরবরাহসহ বিভিন্ন দাবিতে পঞ্চগড় জেলা পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি গতকাল বুধবার ধর্মঘট পালন করেছে। ধর্মঘট চলাকালে জেলার সকল বইয়ের দোকান বন্ধ ছিল। এ দাবিতে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি পঞ্চগড় জেলা শাখার পক্ষে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করা হয়। শিক্ষার্থীদের কথা বিবেচনা করে পুস্তক ব্যবসায়ীরা অধিক মূল্যে এসব বই ঢাকা থেকে ক্রয় করে এনে বেশি দামে বিক্রয় করতে বাধ্য হচ্ছে। বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, পঞ্চগড় জেলা শাখার সভাপতি আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক মো. জয়নাল আবেদীন জানান, রংপুর আঞ্চলিক কমিটির সিদ্ধান্তে বৃহত্তর রংপুর-দিনাজপুরের ৮টি জেলায় এ ধর্মঘট পালিত হয়েছে। ধর্মঘটে জেলার প্রায় ৭০টি বইয়ের দোকান বন্ধ ছিল।

লক্ষ্মীপুর সংবাদদাতা ॥ লক্ষ্মীপুর জেলায় ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত পাঠ্য বইয়ের সংকট দেখা দিয়েছে। ফলে বছরের শুরুতেই ছাত্র-ছাত্রীদের পড়াশোনার ব্যাঘাত সৃষ্টির আশংকা রয়েছে। লক্ষ্মীপুর জেলা শহরসহ বিভিন্ন উপজেলার হাট বাজারের লাইব্রেরির মালিক ও পুস্তক বিক্রেতারা জানান, পাঠ্য বইয়ের মজুদ গতকালই শেষ হয়ে গেছে। অনেক ছাত্র-ছাত্রী আজো বই কিনতে পারেনি। কিন্তু গাইড বই সরবরাহ থাকলেও পাঠ্যবই সরবরাহ নেই। এদিকে লক্ষ্মীপুর জেলা শিক্ষা কর্মকর্তা আবদুল জলিল জানান, পাঠ্য বই সংকটের পুরো বিষয়টা বেসরকারি হাতে। পুরো দেশেই ক্রাইসিস চলছে। তবে বই চলে আসবে।




*কুড়িগ্রাম : বোর্ড বইয়ের অতিরিক্ত মূল্য গ্রহণ, বইয়ের সাথে নোট বই ও গাইড বই গছিয়ে দেয়ার প্রতিবাদে বুধবার কুড়িগ্রামের পাঠ্য পুস্তক বিক্রেতারা বিক্ষোভ মিছিল করে* —ইত্তেফাক